গাংনীতে টাপেন্টাডল ট্যাবলেটসহ দুই মাদককারবারী যুবক আটক

মেহেরপুরের গাংনীতে মাদকবিরোধী অভিযানে চালিয়ে ১০০ পিস টাপেন্টাডল ট্যাবলেটসহ মুন্না শেখ (২২) ও সজল ইসলাম(২১) নামের দুই যুবককে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল।

রবিবার দুপুরে গাংনী-মেহেরপুর সড়কের হলপাড়া নামক এলাকায় ব্যাটারীচালিত অটোবাইকে তল্লাশী করে তাদের আটক করা হয়।

আটক মুন্না শেখ মেহেরপুর পৌরসভাধীন কাথুলী মোড় এলাকার মনিরুল ইসলামের ছেলে এবং সজল আলী একই এলাকার জাহিদুল ইসলামের ছেলে।

মাদকদ্রব্য সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে এসআই রহমত আলীর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল সন্দেহজনক হওয়ায় একটি ব্যাটারীচালিত অটোবাইকের গতিরোধ করে। এসময় যাত্রীদের মধ্যে দুই যাত্রীকে তল্লাশী করলে তাদের কাছ থেকে টাপেন্টাডল ট্যাবলেট পাওয়া যায়। এবং ১০০ পিস টাপেন্টাডল ট্যাবলেটসহ তাদের দুজনকে আটক করা হয়। আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে বিজিবির অভিযানে মদ-ট্যাবলেট ও পটকা উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর সীমান্তে ভারতীয় মদ, যৌন উত্তেজক ট্যাবলেট ও পটকা উদ্ধার করেছে বিজিবি।

আজ বুধবার রাত দেড়টার দিকে কাজীপুর বর্ডারপাড়া এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় সেগুলো উদ্ধার করা হয়। ৪৭-বিজিবি ব্যাটেলিয়ন প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আন্তর্জাতিক সীমান্তের কাজীপুর এলাকার ১৪৬/৪-এস হতে আনুমানিক ৩০ গজ বাংলাদেশের অভ্যন্তরে কাজীপুর বর্ডারপাড়া নামক স্থানে অভিযান পরিচালনা করা হয়।

সুবেদার মোঃ হাবিবুর রহমান এর নেতৃত্বে নিয়মিত টহল দল ওই স্থানে অভিযান পরিচালনা করে। অভিযানে পরিত্যক্ত অবস্থায় ভারতীয় ৩০ বোতল মদ, ৭শ’ পিস সিলডিনাফিল ট্যাবলেট এবং ১১শ’৪০পিচ চকলেট বাজি (পটকা) উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য প্রায় তিন লক্ষ টাকা।

দর্শনায় গলায় ট্যাবলেট আটকে মারা গেল ৫ বছরের শিশু

দর্শনা থানার কুড়ুলগাছি ইউনিয়নে গলায় ট্যাবলেট আটকে রোকসানা আক্তার নামের পাঁচ বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। গত মঙ্গলবার রাতে উপজেলার ধান্যঘরা গ্রামে এ ঘটনা ঘটে।

রোকসানা উপজেলার দর্শনা থানার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামের টুটুল হোসেনের মেয়ে।

শিশুটির পরিবার সূত্রে জানা গেছে, জ্বরে আক্রান্ত হওয়ায় মঙ্গলবার রাতে রোকসানাকে ট্যাবলেট সেবন করাচ্ছিলেন তার মা। ট্যাবলেটের দুই ভাগের এক ভাগ পানি দিয়ে খাওয়াতে গেলে সেটি শিশুটির গলায় আটকে যায়। এতে অবস্থার অবনতি হলে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন পরিবারের সদস্যরা। এ সময় সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

স্থানীয় ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান শাহ মো. ফরহাদ হোসেন শিশুটির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

গাংনীতে ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ আটক-১

৯ পিচ নিষিদ্ধ ঘোষিত ট্যাপেন্ডেল ট্যাবলেটসহ মিনারুল উদ্দীন
(২৮) নামের এক যুবককে আটক করেছে গাংনী থানার এলাঙ্গী ক্যাম্পের পুলিশের একটি টিম।

মিনারুল উদ্দীন গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের জামাল উদ্দীনের ছেলে।

গতকাল মঙ্গলবার সকারের দিকে এলাঙ্গী ক্যাম্পের এএসআই দেবদাশ কুমার দেবনাথের নেতৃত্বে পুলিশের একটি টিম তার বাড়িতে গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে মিনারুলকে আটক করে। এসময় তার কাছ থেকে ৯ পিচ ভারতীয় ট্যাপেন্ডাল ট্যাবলেট জব্দ করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দিয়ে আটককৃত মিনারুল উদ্দীনকে গতকাল মঙ্গলবার দুপুরের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মহেশপুরে যৌন উত্তেজক ট্যাবলেটসহ আটক ১৪

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে মালিক বিহীন ৭৩২ পিচ ভারতীয় যৌন উত্তেজক ট্যাবলেট ভায়াগ্রা উদ্ধার ও ১৪ বাংলাদেশী নাগরিককে আটক করেছে বিজিবি।

বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার ভারতীয় সীমান্তবর্তী গ্রাম বাঘাডাঙ্গা, শ্যামকুড়, পলিয়ানপুর ও হুদাপাড়া গ্রাম থেকে এসব পণ্য জব্দ ও তাদের অটক করা হয়।

এ তথ্য নিশ্চিত করে মহেশপুর ৫৮ বিজিবির অধিনায়ক লে. কর্ণেল মো. রফিকুল আলম বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে ভারতীয় সীমান্তবর্তী ওই গ্রামগুলোতে অভিযান চালিয়ে ভায়াগ্রা ট্যাবলেট ও ১৪ বাংলাদেশী নাগরিককে আটক করা হয়েছে।’

তিনি আরো বলেন, ‘আটককৃতদের বিরুদ্ধে মহেশপুর থানায় সংশ্লিষ্ট আইনে মামলা দায়েরের পর সোর্পদ করা হয়েছে।’

দর্শনায় ৭শ পিচ ট্যাপেনন্ডা ট্যাবলেটসহ গ্রেফতার-১

দর্শনায় অভিযান চালিয়ে ৭শ পিচ ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ জীবননগরের আক্তারুজ্জামান লিটনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

জানা যায় রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে দর্শনা থানার এসআই(নিঃ) শামীম রেজা এএসআই (নিঃ) সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) তুহিনুজ্জামান, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় প্রতাপপুর ওয়াজিদ মল্লিকের পুকুর পাড়ের পাকা রাস্তার উপর।

এ সময় পুলিশ ভারতীয় নিষিদ্ধ ৭শ পিচ ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ জীবননগর থানার নতুনপাড়া গ্রামের মোক্তার হোসেনের ছেলে আক্তারুজ্জামান লিটন কে গ্রেফতার করে।

এ ঘটনায় দর্শনা থানা পুলিশ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে